

১১নং কোরকদি ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ কোরকদি, উপজেলাঃ মধুখালী, জেলাঃ ফরিদপুর।

স্মারক নং : কো.ইউ.পি-২০২৩/

তাং.১৭/০৮/২০২৩ ইং

ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভার কার্য বিবরণী

সময়ঃ সকাল ১২:০০ ঘটিকায়

স্থানঃ কোরকদি ইউনিয়ন পরিষদ কার্যালয়, মধুখালী, ফরিদপুর।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা

ক্রঃ নং	সদস্য গণের নাম	পদবী	স্বাক্ষর
১.	মোঃ মুকুল হোসেন	চেয়ারম্যান	স্বাক্ষরিত
২.	মোছাঃ সম্পা রেজা	গদস্য ১,২,৩(সঃ)	স্বাক্ষরিত
৩.	মোছাঃ নবীরন খাতুন	গদস্য ৪,৫,৬(সঃ)	স্বাক্ষরিত
৪.	মোছাঃ জায়েদা বেগম	গদস্য ৭,৮,৯(সঃ)	স্বাক্ষরিত
৫.	মোঃ আবুল কাসেম মোল্যা	সদস্য ১নং ওয়ার্ড	স্বাক্ষরিত
৬.	মোঃ কল্লোল মুন্সী	" ২নং ওয়ার্ড	স্বাক্ষরিত
৭.	মোঃ রুস্তম আলী শেখ	" ৩নং ওয়ার্ড	স্বাক্ষরিত
৮.	মোঃ খবির মোল্যা	" ৪নং ওয়ার্ড	স্বাক্ষরিত
৯.	মোঃ খাইরুল ইসলাম	" ৫নং ওয়ার্ড	স্বাক্ষরিত
১০.	মোঃ জাহিদ হোসেন শেখ	" ৬নং ওয়ার্ড	স্বাক্ষরিত
১১.	মোঃ কুবাদ শেখ	" ৭নং ওয়ার্ড	স্বাক্ষরিত
১২.	মোঃ আরিফ শিকদার	" ৮নং ওয়ার্ড	স্বাক্ষরিত
১৩.	সুবল বিশ্বাস	" ৯নং ওয়ার্ড	স্বাক্ষরিত
১৪.	বিউটি রানী	সহকারী স্বাস্থ্য পরিদর্শক	স্বাক্ষরিত
১৫.	মোঃ বুলবুল আহম্মেদ	পরিবার পরিকল্পনা পঃ	স্বাক্ষরিত
১৬.	মোঃ বাবুল আক্তার	সমাজকর্মী	স্বাক্ষরিত
১৭.	মোঃ হাসিবুল ইসলাম	সমাজকর্মী	স্বাক্ষরিত
১৮.	এস এম আরাফাত হাসান	ইউপি সচিব	স্বাক্ষরিত

উপস্থিত সদস্যদের উপস্থিতিতে অধ্যকার সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে চেয়ারম্যান সাহেব উপস্থিত সকলকে ঈদ পরবর্তী শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এরপর অত্র সভার কার্যক্রম শুরু করা হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	দায়িত্বশীল ব্যক্তি
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউপি সচিব বিগত সভার কার্যবিবরণী অধ্যকার	উপস্থিত সকল সদস্যবৃন্দ পরস্পারিক আলাপআলোচনান্তে	ইউ.পি চেয়ারম্যান ও

	ও অনুমোদন	সভায় উপস্থিত সকলের মাঝে পাঠ করে শুনান।	এবং কাহারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় বিগত সভায় কার্যবিবরণীর সকল বিষয় অনুমোদন প্রদান করেন।	সদস্যবৃন্দ
০২	ইউনিয়নের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি বিষয়ক।	সভায় ইউপি চেয়ারম্যান জনাব মোঃ মুকুল হোসেন (রিজ) জানান যে, ইতিপূর্বে আপনারা যেনেছেন জন্ম মৃত্যু নিবন্ধন প্রত্যেকটা কাজে বাধ্যতামূলক রয়েছে। স্থানীয় সরকার, ফরিদপুর এর নির্দেশনা মোতাবেক ০ থেকে ০১ বছরের মধ্যে শিশু জন্মের নিবন্ধনের বিষয়ে বাধ্যবাধকতা আছে তার লক্ষ্যে ফরিদপুর জেলা বিগত ০২ মাসে সারা দেশের মধ্যে র্যাংকিংএ উন্নতি করেছে। এ জন্য স্থানীয় সরকার ফরিদপুর এর উপ পরিচালক এই কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন। তিনি আরো বলেন চলতি মাস থেকে বাচ্চার নিবন্ধনের ক্ষেত্রে বাচ্চার বাবা মার অনলাইন জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক। তাই সকলকে ০ থেকে ০১ বছরের বাচ্চার জন্ম নিবন্ধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট পিতা মাতাকে জন্ম নিবন্ধনের গুরুত্ব সম্পর্কে বুঝিয়ে শতভাগ জন্ম নিবন্ধন করনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলেন। চেয়ারম্যান সাহেব, সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক এর দৃষ্টি আকর্ষণ করে বলেন ইতিপূর্বে স্বাস্থ্য বিভাগ থেকে শিশু জন্মের পর প্রথম টিকা দেওয়ার পর দ্বিতীয় টিকার ক্ষেত্রে জন্ম নিবন্ধন বাধ্যবাধকতা রয়েছে। তাই শিশু টিকা দেওয়ার ক্ষেত্রে জন্ম নিবন্ধন যাচাইপূর্বক টিকা দেওয়ার জন্য আবারো অনুরোধ জানান। ইউনিয়নের কোথাও কোন ব্যক্তি মারা গেলে ৪৫ দিনের মধ্যে তাহার মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার ব্যাপারে প্রত্যেক ওয়ার্ড সদস্যকে সহযোগীতা করার জন্য বলেন।	সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ ০ থেকে ০১ বছরের মধ্যে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধনে সংশ্লিষ্ট অভিভাবক এবং গ্রাম পুলিশ বাহিনীর সদস্যদেরকে সার্বিক সহযোগীতা করবেন বলে জানান এবং ফরিদপুর জেলা উক্ত কার্যক্রমে আরো সম্মানজনক র্যাংকিংয়ে অবস্থান করবে বলে প্রত্যাশা করেন।	ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ, গ্রামপুলিশ বাহিনীর সদস্যগণ, সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং পরিবার পরিকল্পনা পরিদর্শক

অতপর অদ্য সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্বাস্থ্য কামনা করে

অদ্য সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

